

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৬১/২০১৩

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

তারিখঃ ২১/০৭/২০১৩খ্রিঃ।

০৬ শ্রাবন, ১৪২০ বাংলা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা এর নথি নং-১(৩) শুল্ক : রপ্তানী ও বন্ড/২০০৪/৩২০, তারিখঃ ১৬/০৭/২০১৩ইং সকল সম্মানিত সদস্য/সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হইল।

স্বাক্ষরিত/-
এম রহমান
উপ-সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড,
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা

নথি নং-১(৩) শুল্ক : রপ্তানী ও বন্ড/২০০৪/৩২০

তারিখঃ ১৬/০৭/২০১৩ইং

বিষয় : চামড়ার উপজাত পণ্য স্প্লিট লেদার (Split Leather) রপ্তানীতে সৃষ্ট জটিলতা নিরসণ প্রসঙ্গে।

সূত্র (১) জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নথি নং-১(৩) শুল্কঃ রপ্তানী ও বন্ড/২০০৪/৩০৪, তারিখ-০৩/০৭/২০১৩ ও

(২) বাণিজ্য মন্ত্রণালয়ের পত্র নথি নং-২৬.০০.০০০০.১০০.৪১.০১৯.১১/১৩৬, তারিখ ০৭/০৭/২০১৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করা হ'ল।

০২। Wet Blue Split Leather রপ্তানির বিষয়ে সৃষ্ট জটিলতা নিরসনের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড থেকে বাণিজ্য মন্ত্রণালয়ের দিক নির্দেশনা চাওয়া হয়। বাণিজ্য মন্ত্রণালয় থেকে সূত্রীয় ২ নং পত্রের মাধ্যমে জানানো হয়েছে যে, বিদ্যমান রপ্তানি নীতি, ২০১২-২০১৫ এর ৮.১৬ অনুযায়ী কাঁচা ও ওয়েট ব্লু চামড়া রপ্তানি নিষিদ্ধ পণ্য তালিকার অন্তর্ভুক্ত রয়েছে।

০৩। মূলত Split Leather চামড়ার কারখানায় একটি বাই প্রোডাক্ট। এই বাই প্রোডাক্ট দেশে মাত্র ১৫% থেকে ২০% ব্যবহৃত হয়। রপ্তানি সম্ভব না হলে এ পণ্যটি সম্পূর্ণ বর্জ্য হিসেবে পরিত্যক্ত হবে। পণ্যটি অধিকতর প্রক্রিয়াকরণ টেকনলজির কোন কারখানা নাই। এছাড়া রপ্তানি নীতি আদেশ, ২০১২-১৫ এ নিষিদ্ধ তালিকায় Split Leather অন্তর্ভুক্ত নেই। সার্বিক পর্যালোচনায় Split Leather রপ্তানিতে কোন বাধা নেই মর্মে প্রতীয়মান হয়।

০৪। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশিত হয়ে তাঁকে অনুরোধ করা হল।

স্বাক্ষরিত/-
(মিয়া মোঃ আবু ওবায়দা)
দ্বিতীয় সচিব (শুল্ক : রপ্তানী ও বন্ড)